# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

---

৫৩: স্ত্রী যে বাড়ীতে থাকা অবস্থায় তার কাছে তার স্বামীর মৃত্যুর খবর এসেছে, সেই বাড়ীতে শোক প্রকাশের দিনগুলি কাটানো কি তার জন্য আবশ্যক নাকি তার স্বামীর বাড়ীতে? ওখান থেকে তার বাবার বাড়ীতে বা অন্যকোন বাড়ীতে যাওয়া কি তার জন্য বৈধ হবে?

যে বাড়ীতে সে বসবাস করত, সেখানে অবস্থান করা তার জন্য আবশ্যক। ধরা যাক, সে তার কোন আত্মীয়ের বাড়ীতে বেড়াতে গেছে এবং এমতাবস্থায় তার স্বামীর মৃত্যুর খবর এসেছে। এক্ষেত্রে পূর্বে বসবাসকৃত বাড়ীতে ফিরে যাওয়া তার জন্য আবশ্যক। যে পাঁচটি বিষয় থেকে তাকে দূরে থাকার কথা বলা হয়েছে, তন্মধ্যে একটি হল, সে তার বাড়ী থেকে বের হবে না।

---

Source — https://www.hadithbd.com/books/link/?id=1710

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন